

## শামস্ রহমানের তিনটি অসমাপ্ত কবিতা

এলোমেলো করলোকের ভাবনাগুলো উড়ে ঘুরে অন্তরে

ইচ্ছে করে হেমন্ত হয়ে,

দিগন্ত ছুঁয়ে তোমায় নিয়ে .....

ইচ্ছে করে ঝর্ণা জলে স্ত্রীলোক আলোর উজ্জ্বলে.....

ইচ্ছে করে কুসুম বনে চাঁদের ভরা শৌৰনে.....

ইচ্ছে করে আকাশ চূড়ায় নীলের ছায়ায় .....

ইচ্ছে করে ভেলায় ভেসে জগত শেষে .....

ইচ্ছে করে তোমায় নিয়ে.....

মম 'সৃষ্টি সুখের' শীর্ষে, যখন তুমি পার্শ্বে

যতক্ষণ থাকো পাশে,

আমি পারি পাড়ি দিতে মধ্যরাতে ভূমধ্যসাগর;

ডুব-সাঁতারে তুলতে পারি এক রতি ডুবন্ত হীরক;

প্রবীণ হাতের নিপুণ আঁকে গড়তে পারি তোমার নাকের নোলক।

যতক্ষণ থাকো পাশে.....

সুখো চিত্তে ছুটি নৃত্যে তোমারই বৃত্তে

তুমিই আমার ডুবল,

তুমিই আমার জমিন;

ইচ্ছে হলেই উড়াই ঘুড়ি লাল সবুজে রঙ্গিন;

ইচ্ছে হলেই চষি জমিন বাতরবিহীন উর্বরতায় গহিন।

তুমিই আমার জমিন ...